

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

১৬ জুলাই, ২০১৯ ১৫:২১

ব্র্যাক ইউনিভার্সিটির সঙ্গে সহযোগিতা বাড়াবে 'বান কি মুন সেন্টার ফর গ্লোবাল সিটিজেন'



শিক্ষার্থীদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে ব্র্যাক ইউনিভার্সিটির সঙ্গে কাজ করতে চায় 'বান কি মুন সেন্টার ফর গ্লোবাল সিটিজেন'। সুখী ও সমৃদ্ধশালী আগামীর জন্য টেকসই উন্নয়ন ও দক্ষ মানব সম্পদ সৃষ্টির বিকল্প নেই। সেজন্য শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে বিশ্ব নাগরিক হিসেবে। এই লক্ষ্যে ব্র্যাক ইউনিভার্সিটির সঙ্গে সহযোগিতা বাড়ানোর ইচ্ছা পোষণ করেছেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন।

সম্প্রতি 'গ্লোবাল কমিশন অন অ্যাডাপ্টেশন' (জিসিএ) শীর্ষক সম্মেলনে যোগ দিতে বাংলাদেশে আসেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন। সফরকালে

ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাংয়ের সঙ্গে আলাপচারিতায় বিশ্ববিদ্যালয়টির সঙ্গে সহযোগিতা বাড়ানোর প্রতিশ্রুতি দেন জাতিসংঘের সাবেক এই মহাসচিব। ভবিষ্যতে ঢাকায় আসলে ব্র্যাক ইউনিভার্সিটি পরিদর্শনের বিষয়েও আশ্বাস দিয়েছেন বান কি মুন।

আলাপচারিতায় ১৯৭৩ সালে বাংলাদেশ সফরের স্মৃতিচারণ করেন বান কি মুন। গত কয়েক দশকে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নেরও ভূয়সী প্রশংসা করেন জাতিসংঘের অষ্টম মহাসচিব। ভবিষ্যত প্রজন্মের জন্য নিরাপদ ও টেকসই পৃথিবী গড়ার জন্য বান কি মুন ২০১৭ সালে অস্ট্রেলিয়ার সাবেক প্রেসিডেন্ট হেইঞ্জ ফিশারকে নিয়ে গড়ে তোলেন বান কি মুন সেন্টার ফর গ্লোবাল সিটিজেন। অস্ট্রিয়া, কুয়েত ও আলেক্সান্ডার বদিনি ফাউন্ডেশনের সহযোগিতায় গড়ে ওঠা অলাভজনক এই সংস্থাটি বিশ্ব নিরাপত্তা, নারী ও যুবদের ক্ষমতায়ন ও মানবাধিকার রক্ষায় কাজ করে যাচ্ছে।